



IEDCR

চিকুনগুনিয়া বুলেটিন

সংখ্যা ৪৮ তারিখঃ ২১ আগস্ট ২০১৭ সোমবার

চিকুনগুনিয়া রোগের প্রতিবেদন

এই বছরে (৯ এপ্রিল হতে ২১ আগস্ট, ২০১৭ পর্যন্ত)
চিকুনগুনিয়া রোগ সনাক্তের জন্য আইইডিসিআর এ প্রাপ্ত রক্তের
নমুনা পরীক্ষায় চিকুনগুনিয়ায় আক্রান্তের সংখ্যাঃ

মাসের নাম	পিসিআর পরীক্ষায় নিশ্চিত রোগীর সংখ্যা
এপ্রিল	১০
মে	২৮৫
জুন	২২৬
জুলাই	৩৫৭
আগস্ট	৮২
সর্বমোট	৯৬০

ঢাকা শহরে অবস্থিত বিভিন্ন হাসপাতালে চিকিৎসা নেয়া সম্ভাব্য
চিকুনগুনিয়া ও চিকুনগুনিয়া পরবর্তী আর্থ্রালজিয়া রোগীর সংখ্যা
(১২.০৫.২০১৭ হতে ২১.০৮.২০১৭ খ্রীঃ দুপুর ৩.০০ টা পর্যন্ত)

হাসপাতালের নাম	রোগীর সংখ্যা
ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল	৩৮৭৯
স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ হাসপাতাল ও মিটফোর্ড হাসপাতাল	১৮১৭
শহীদ সোহরাওয়ার্দী হাসপাতাল ও মেডিকেল কলেজ হাসপাতাল	২১১৬
শহীদ মনসুর আলী মেডিকেল কলেজ হাসপাতাল	৯
মুগদা মেডিকাল কলেজ হাসপাতাল	১৩১
ঢাকা শিশু হাসপাতাল	৯১
ইউনাইটেড হাসপাতাল	৪৬৭
অ্যাপোলো হাসপাতাল	১৯৭
ডেল্টা হাসপাতাল	২৫৫
অন্যান্য বেসরকারী হাসপাতাল/ চিকিৎসক	৫৪৭
আইইডিসিআর	২০১৭
সর্বমোট	১১৫২৬

চিকুনগুনিয়ায় আক্রান্ত রোগীর নিজ বাড়িতে চিকিৎসা ব্যবস্থা

যাদের মৃদু (অর্থাৎ অল্প জ্বর, অল্প গিরায় ব্যাথা) থেকে মাঝারী
(অল্প থেকে বেশি পরিমাণে একভাবে জ্বর, মাঝারী ধরণের
গিরায় ব্যাথা বা ফোলা) অসুস্থতা আছে তারা নিজ বাড়িতে

চিকিৎসা করতে পারবেন। তবে মারাত্মক অসুস্থতার ক্ষেত্রে
হাসপাতালে ভর্তি হতে হবে।

- উষ্ণ পরিবেশে পর্যাপ্ত বিশ্রাম নিতে হবে
- স্যাঁতসেঁতে পরিবেশ পরিহার করতে হবে
- ঠাণ্ডা সেক গিরা ব্যথা বা গিরার আরও ক্ষতি হওয়া কমাতে
পারে
- তাপ বা অধিক গরম গিরা ব্যথা বাড়িয়ে দিতে পারে
- পরিশ্রমের কাজ থেকে বিরত থাকতে হবে
- আরোগ্য লাভের সময় হালকা ব্যায়াম বা ফিজিওথেরাপি নেয়া
যেতে পারে
- প্রচুর পরিমাণে পানি পান ও ইলেকট্রোলাইট (খনিজ লবণ)
পান করতে হবে (আনুমানিক ২৪ ঘন্টায় ২ লিটার তরল,
লবণসহ)
- যদি সম্ভব হয় তবে ২৪ ঘন্টায় কতটুকু প্রস্রাব হয় তার
হিসেব রাখতে হবে এবং তা ২৪ ঘন্টায় ১ লিটারে বেশি
হতে হবে
- জ্বর থাকলে এবং যদি কোন ব্যক্তির পূর্ব থেকে যকৃৎ
(লিভার) বা বৃক্কের (কিডনি) রোগ না থাকে তবে
প্যারাসিটামল ট্যাবলেট ৫০০ মিলিগ্রাম সর্বোচ্চ ২ টা
ট্যাবলেট দিনে ৪ বার খাওয়া যেতে পারে
- নিজ থেকে কোন ওষুধ যেমন অ্যাসপিরিন বা ব্যথানাশক
ওষুধ খাওয়া যাবে না
- চুলকানির জন্য এন্টিহিস্টামিন জাতীয় ওষুধ খাওয়া যেতে
পারে

কখন ডাক্তারের পরামর্শ নিতে হবে –

- জ্বর যদি ৫ দিনের বেশি হয়
- অসহনীয় ব্যাথা
- দেহের ওঠা-বসার পার্থক্যের সময় মাথা ঘোরা
- হাত পা ঠাণ্ডা হয়ে গেলে
- প্রস্রাবের পরিমাণ কমে যাওয়া
- চামড়ার নীচ হতে বা শরীরের প্রাকৃতিক কোন রক্ত
(নাক/মুখ/কান/চোখ/পায়খানার রাস্তা/ প্রস্রাবের রাস্তা/
যোনিপথ) হতে রক্তক্ষরণ
- অবিরত বমি হলে

স্বাস্থ্য অধিদপ্তরের হটলাইন ১৬২৬৩ নম্বরে স্বাস্থ্য বাতায়নে চিকুনগুনিয়া বিষয়ে ২৪ ঘন্টা তথ্য পাবেন।

চিকুনগুনিয়া সন্দেহে বিস্তারিত জানতে এই ওয়েবসাইট ভিজিট করুন

—www.iedcr.gov.bd অথবা হটলাইনঃ ০১৯৩৭১১০০১১, ০১৯৩৭০০০০১১ ফোন করুন